



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
www.pmeat.gov.bd



স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৯৮.০০০১.২০.২৫

তারিখ: ১ আশ্বিন ১৪৩৩
১৬ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক এককালীন চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের
অধ্যয়নরত দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের নিকট থেকে সেপ্টেম্বর-অক্টোবর/২০২৬ প্রান্তের অনলাইন আবেদন
দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্ঘটনায় গুরুতর আহত ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের অধ্যয়নরত শিক্ষার্থীদের
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক 'দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০'
অনুসরণপূর্বক এককালীন চিকিৎসা অনুদান প্রদান করা হয়।

২। এককালীন চিকিৎসা অনুদান প্রাপ্তির জন্য চিকিৎসাধীন শিক্ষার্থীকে ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেমের
<https://www.eservice.pmeat.gov.bd/medical> লিংকে প্রবেশ করে অনলাইনে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

৩। দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অসম্মত পরিবারের মেধাবী শিক্ষার্থী কর্তৃক বর্ণিত লিংক ব্যবহার করে অনলাইনে চিকিৎসা মেয়াদে
একবার মাত্র চিকিৎসা অনুদানের জন্য আবেদন করতে পারবেন এবং দুর্ঘটনায় গুরুতর আহত ও হাসপাতালে চিকিৎসা গ্রহণের সময়কাল বিজ্ঞপ্তি
প্রকাশের অর্থবছর অথবা ব্যবধান ১ (এক) বছরের মধ্যে হতে হবে।

৪। দুর্ঘটনায় গুরুতর আহত/দুর্ঘটনাজনিত আবেদন ব্যতীত অন্য কোনো আবেদন এক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না। ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান
শ্রেণিতে অধ্যয়নরত দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদনের ক্ষেত্রে নির্দেশিকার নিম্নোক্ত শর্তাবলি প্রতিপালন করতে হবে:

- মেধাবী হিসাবে শিক্ষার্থীর পূর্বের শ্রেণিতে শতকরা ন্যূনতম ৬০ ভাগ নম্বরপ্রাপ্ত অথবা এসএসসি ও এইচএসসি বা সমমান পর্যায়ের জিপিএ
৫.০০ এর ক্ষেত্রে ৩.৫০ এবং স্নাতক ও সমমান পর্যায়ের জিপিএ ৪.০০ এর ক্ষেত্রে ৩.০০ প্রাপ্তির কপি আপলোড করতে হবে;
- প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন
স্কেল, ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের কর্মচারীর সন্তানগণ আবেদনপত্রের সাথে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের
বেতনের গ্রেড সংক্রান্ত প্রত্যয়নের কপি এবং অন্যান্য শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর 'পিতা/মাতা/অভিভাবক
দরিদ্র' মর্মে প্রত্যয়নের কপি আপলোড করতে হবে;
- অন্যান্য ক্ষেত্রে পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় দুইলক্ষ টাকার কম হতে হবে; এবং
- দুর্ঘটনার প্রমাণে জেলা পর্যায়ে সিভিল সার্জন/সরকারি হাসপাতালের চিকিৎসক/উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা
কর্মকর্তা কর্তৃক 'গুরুতর আহত'-র সম্মর্শনে প্রত্যয়নকৃত শিক্ষার্থীর চিকিৎসা সনদের কপি আপলোড করতে হবে;
- কার্যক্রমটি সম্পূর্ণ অনলাইন ভিত্তিক হওয়ায় আবেদনের হার্ড কপি ট্রাস্টে প্রেরণের প্রয়োজন নেই।

৫। এছাড়াও, ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন, শিক্ষার্থীর জন্মনিবন্ধন কপি, পিতা ও মাতার এনআইডি
কপি, শিক্ষার্থীর ছবি ১ কপি, স্বাক্ষর এবং অনলাইন ব্যাংক হিসাবের তথ্যসহ অন্যান্য তথ্যসমূহ শিক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদনের ক্ষেত্রে
আবশ্যিকভাবে স্পষ্ট কপি আপলোড করতে হবে। অন্যথায় আবেদন গ্রহণযোগ্য হবে না।

৬। দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থী কর্তৃক আবেদনে শিক্ষার্থী/পিতা/মাতা'র নিজ অনলাইন ব্যাংক একাউন্টের পূর্ণাঙ্গ নম্বর ও ব্যবহৃত মোবাইল
নম্বর উল্লেখ করতে হবে এবং ব্যাংক হিসাবের প্রমাণক হিসেবে চেকের ভিতরের পাতা/ব্যাংক স্টেটমেন্টের তথ্য আবশ্যিকভাবে অনলাইনে আপলোড
করতে হবে। শিক্ষার্থী বা পিতা/মাতা'র ব্যাংক হিসাব নম্বর ব্যতীত অন্য কারো ব্যাংক হিসাব নম্বর বিবেচনায় নেয়া হবে না, তবে পিতা/মাতা অথবা
পিতা ও মাতার মৃত্যুজনিত বা অন্য কোনো কারণে শিক্ষার্থী সম্পূর্ণরূপে যার উপর নির্ভরশীল (অভিভাবক হিসেবে) তার ব্যাংক হিসাব নম্বর
এক্ষেত্রে বিবেচনায় নেয়া হবে। এক্ষেত্রে, অনলাইন ব্যাংক একাউন্টের পূর্ণাঙ্গ তথ্য/সচল ব্যাংক একাউন্ট নম্বর দিতে হবে, তবে
শিক্ষার্থী কর্তৃক প্রদত্ত অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ব্যাংক একাউন্টের কারণে চিকিৎসা অনুদানের অর্থ প্রেরণের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক
বাউন্সড হলে পুনরায় উক্ত অর্থ প্রেরণ করা সম্ভব হবে না।

৭। উল্লেখ্য, শিক্ষার্থী অনলাইনে আবেদনের সময়ে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করুন অপশনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান খুঁজে না পেলে শিক্ষা প্রতিষ্ঠানটি ট্রাস্টের 'ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারে অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানকে শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে EINN ও অন্যান্য তথ্য উল্লেখপূর্বক ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং ৪৪, সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর আবেদন ডাকযোগে অথবা ad.stipend@pmeat.gov.bd প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৮। এমতাবস্থায়, 'দুর্ঘটনায় গুরুতর আহত ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের সেপ্টেম্বর-অক্টোবর/২০২৬ প্রান্তের আবেদন আগামী ৩১/১০/২০২৬ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত উক্ত লিংক/ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেম' এর মাধ্যমে করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

'দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০'।

সংযুক্তিঃ

(১) দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০



১৬-০৯-২০২৬

মো: ফরিদ আহমেদ

সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ০২-৫৫০০০৪২৮

ইমেইল : ad.stipend@pmeat.gov.bd

উপজেলা মাধ্যমিক/থানা শিক্ষা অফিস (সকল) [সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিজ্ঞপ্তিটি অবহিত করার অনুরোধসহ]।

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৯৮.০০০১.২০.২৫/১ (১৪)

তারিখ: ১ আশ্বিন ১৪৩৩
১৬ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ২। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। জেলা প্রশাসক (সকল)।
- ৪। কর্মকর্তা (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
- ৫। কর্মকর্তা (সকল), সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
- ৬। পরিচালক, আইসিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। জেলা শিক্ষা অফিসার (সকল)।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। প্রোগ্রামার, অ্যাকসেলারেটিং অ্যান্ড স্ট্রেনদেনিং স্কিলস ফর ইকনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (প্রয়োজনীয় আইটি সহায়তা প্রদান ও বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক ম হোদয়ের সদয় অবগতির জন্য।